ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয়েছে:

১. ০৭ মার্চ ২০২৪ তারিখ বৃহস্পতিবার সকাল ৬:৪৫ মিনিটে মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা), মাননীয় কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, সিনেট ও সিন্ডিকেটের সদস্যবৃন্দ, সকল অনুষদের ডিন, হল ও হোস্টেলসমূহের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, অফিস প্রধানবৃন্দ, সহকারী প্রক্টরবৃন্দ, সম্মানিত সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ স্মৃতি চিরন্তন চত্বরে একত্রিত হয়ে সকাল ৭:০০ টায় মাননীয় ভাইস চ্যান্সেলরের নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপনের জন্য বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের (ধানমন্ডি ৩২ নং রোড) উদ্দেশ্যে যাত্রা।

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের গুরুত্ব ও তাৎপর্য বিষয়ে ০৭ মার্চ ২০২৪ তারিখ বৃহস্পতিবার, বেলা ১১:৩০টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে আলোচনা সভায় উপস্থিত থাকবেন। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত থাকবেন, মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছার এবং মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ।

আলোচনা সভায় অংশগ্রহণের সুবিধার্থে বিশ্ববিদ্যালয়ের অফিস কার্যক্রম ও ক্লাসসমূহ বেলা ১১:১৫ মিনিট থেকে দুপুর ১২:৩০ টা পর্যন্ত বন্ধ থাকবে। তবে পরীক্ষাসমূহ যথারীতি অনুষ্ঠিত হবে।

কর্মসূচিতে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে অনুরোধ করা যাচ্ছে।

29/02/24

প্রবীর কুমার সরকার
রেজিস্ট্রার
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়